

ইমেইলপত্র নং-২৬০৯২২

প্রিয় জেলার দায়িত্বে নিয়োজিত কর্মকর্তা ও শাখা ব্যবস্থাপক।

**বিষয়ঃ পল্লী সঞ্চয় ব্যাংকের মাঠ সহকারী ভিত্তিক ঋণ বিতরণ, ঋণ আদায় ও সঞ্চয় আদায়ের লক্ষ্যমাত্রা প্রেরণ সংক্রান্ত।**

সূত্রঃ পল্লী সঞ্চয় ব্যাংকের সার্কুলার নং-০৭/২০২২-১৬০৮, তারিখ-০৫.০৯.২০২২ খ্রি.

প্রিয় সহকর্মী,

শুভেচ্ছা নিবেন। সূত্রস্থ পল্লী সঞ্চয় ব্যাংকের সার্কুলারে শাখা ভিত্তিক ২০২২-২৩ অর্থবছরের ঋণ বিতরণ, ঋণ আদায় ও সঞ্চয় আদায়ের লক্ষ্যমাত্রা প্রেরণ করা হয়েছে। উক্ত লক্ষ্যমাত্রা শাখার কর্মচারীদের মধ্যে সুষমভাবে বন্টন করে অগ্রগতি প্রতিবেদন সাপ্তাহিক ও মাসিক ভিত্তিতে জেলা কার্যালয়ে এবং জেলা কার্যালয় হতে ত্রৈমাসিক ভিত্তিতে সদর কার্যালয়ে প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়েছে। আশা করছি শাখা এবং জেলা কার্যালয়ে নির্দেশনা যথাযথভাবে বাস্তবায়ন হচ্ছে। সার্কুলারের নির্দেশনা বাস্তবায়নকে অধিকতর গতিশীল করা ও সদর কার্যালয় হতে কাজের অগ্রগতি মনিটরিং করার নিমিত্ত সংযুক্ত দুটি ছকের মাধ্যমে তথ্যাদি শাখা কার্যালয় হতে স্বাক্ষরিত স্ক্যান কপি ও সফট কপি জেলার দায়িত্বে নিয়োজিত কর্মকর্তার মাধ্যমে excel sheet এ Nikosh ফন্টে ইমেইল kforkhokon@gmail.com এ আগামী ২৯.০৯.২০২২ তারিখের মধ্যে প্রেরণের জন্য অনুরোধ করা হল। মাঠ পর্যায়ের কার্যক্রম মনিটরিং এর জন্য মাঠ সহকারীদের উপস্থিতিতে জুম মিটিং এর কার্যক্রম শিঘ্রই আরম্ভ হবে।

আশা করছি আমাদের সম্মিলিত প্রচেষ্টায় পল্লী সঞ্চয় ব্যাংক একটি আদর্শ ব্যাংকে পরিণত হবে।

শাখার যেকোন প্রয়োজনে জনাব খোকন মিয়া (০১৯৫৮৬০১৫২১), জনাব আবদুল আলীম (০১৯৫৮৬০১৫২৩), জনাব আবু বকর (০১৯৫৮৬০১৫১৫) এবং আমাদের সাথে যোগাযোগ করা যেতে পারে।

সংযুক্তিঃ ২টি ছক।

ধন্যবাদান্তে,

  
২৬/৯/২২  
অসিত রঞ্জন পাল

কনসালটেন্ট  
পল্লী সঞ্চয় ব্যাংক

ফোন-০১৯৫৮৬০১৪৯৬, ০১৮১১২১৩০৩৫

  
২৬/৯/২২  
নজির আহমদ

যুগ্মসচিব (অবঃ), সিনিয়র কনসালটেন্ট  
পল্লী সঞ্চয় ব্যাংক

ফোন-০১৯৩৮৮৭৯০০২